

আপনার অধিকারসমূহ জানুন

আপনার ভোট হলো আপনার মতামত, এবং আপনার মতামত গুরুত্বপূর্ণ।

কারা নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন

আমি কি ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে পারবো?

আপনি মিশিগানে নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন যদি:

- আপনি যুক্তরাষ্ট্রের নাগরিক হন;
- আপনি মিশিগানের কোনো সিটি বা টাউনে কমপক্ষে 30 দিন বসবাস করে থাকেন (অথবা নির্বাচন দিবসের আগে 30 দিন হবে);
- আপনার বয়স কমপক্ষে 17.5 বছর হয়ে থাকে এবং নির্বাচন দিবসের আগে 18 বছর হয়ে যাবে; এবং,
- আপনি বর্তমানে জেলখানায় বা কারাগারে কারাদণ্ড ভোগ করছেন না।

যদি আমি একজন শিক্ষার্থী হই?

মিশিগানের যেসব শিক্ষার্থী মিশিগানের কোনো স্কুলে লেখাপড়া করছে তারা তাদের স্কুলের অথবা বাড়ির ঠিকানায় ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে পারবে। মিশিগানের যেসব শিক্ষার্থী মিশিগানের বাইরের কোনো স্কুলে লেখাপড়া করছে তারাও মিশিগানে তাদের বাড়ির ঠিকানায় ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে পারবে। মিশিগানের অধিবাসী নয় কিন্তু মিশিগানের কোনো স্কুলে লেখাপড়া করছে এমন শিক্ষার্থীরা তাদের মিশিগানের স্কুলের ঠিকানায় ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে পারবে। অন্যান্য স্টেটে ভোট দেয়ার জন্য নিবন্ধন করা সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে, সেই স্টেটে ভোট দেয়া সংক্রান্ত তথ্যসূত্র দেখুন।

যদি আপনার মিশিগানের ড্রাইভিং লাইসেন্স অথবা স্টেট আইডি কার্ড থাকে এবং আপনি মিশিগানে ভোট দেয়ার জন্য নিবন্ধিত হন, তাহলে আপনার ভোটার নিবন্ধনের ঠিকানা এবং আপনার আইডির ঠিকানা একই হবে। আপনি এগুলোর একটিতে ঠিকানা পরিবর্তন করলে, অন্যটিতে স্বয়ংক্রিয়ভাবে পরিবর্তিত হয়ে যাবে। আপনার লাইসেন্স বা আইডি কার্ডে লাগানোর জন্য নতুন ঠিকানার একটি স্টিকার স্টেটের সচিব আপনাকে ডাকযোগে পাঠাবেন।

যদি আমি জেলখানায় থাকি অথবা কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়ে থাকি?

একমাত্র যে সময়ে আপনি নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন না সেটি হলো জেলখানায় বা কারাগারে কারাদণ্ড ভোগ করার সময়।

আপনি নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন:

- যদি আপনি জেলখানায় থাকেন কিন্তু আপনাকে কারাদণ্ডে দণ্ডিত করা না হয়;
- যদি আপনি বর্তমানে দণ্ড ভোগ করছেন কিন্তু জেলখানায় বা কারাগারে অবস্থান করছেন না;
- যদি আপনি প্রবেশনে বা প্যারোলে থাকেন কিন্তু জেলখানায় বা কারাগারে অবস্থান করছেন না; অথবা
- যদি আপনার কারাদণ্ড ভোগ করা শেষ হয়ে যায় এবং এখন আর জেলখানায় বা কারাগারে না থাকেন।

যদি আমি গৃহহীন হই?

যদি আপনার কোনো বাড়ি না থাকে, তাহলে আপনি সাধারণত বাস করেন এমন সড়কের মোড়, পার্ক, আশ্রয়কেন্দ্র অথবা অন্য কোনো স্থানকে আপনার ঠিকানা হিসেবে ব্যবহার করে ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে পারবেন। এই ঠিকানা হতে পারে কোনো স্থানীয় আশ্রয়কেন্দ্র, পরামর্শ প্রদানকারী সংস্থা, আউটরিচ সেন্টার, অথবা আপনার হয়ে চিঠি গ্রহণ করবেন এমন যেকোনো ব্যক্তির বাড়ির ঠিকানা।

ভোট দেয়ার জন্য কিভাবে নিবন্ধন করতে হয়

আপনি যেকোনো সময় ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে পারবেন!

মিশিগানে ভোট দেয়ার জন্য আপনাকে অবশ্যই ভোট দেয়ার জন্য নিবন্ধিত হতে হবে। আপনি নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য ৩রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য ২রা নভেম্বর) রাত ৪টা পর্যন্ত যেকোনো সময় নিবন্ধন করতে পারবেন, কিন্তু যত তাড়াতাড়ি সম্ভব নিবন্ধন করে ফেলা উত্তম। আপনি যত আগে নিবন্ধন করবেন, নিবন্ধন করার জন্য তত বেশি বিকল্প পাবেন।

আমি কি ভোট দেয়ার জন্য নিবন্ধিত হয়েছি?

আপনি ভোট দেয়ার জন্য নিবন্ধিত হয়েছেন কিনা তা দেখতে michigan.gov/vote ওয়েবসাইটে মিশিগানের ভোটার তথ্য কেন্দ্রে যান এবং প্রয়োজনীয় তথ্য প্রবেশ করান। **আপনি বর্তমানে যেখানে বসবাস করছেন** সেখানে ভোট দেয়ার জন্য নিবন্ধিত হয়েছেন কিনা দেখুন। এছাড়াও আপনি আপনার সিটি, টাউনশিপ বা কাউন্টি ক্লার্কের অফিসে ফোন করতে পারেন এবং আপনি বর্তমানে যেখানে বসবাস করছেন সেখানে নিবন্ধিত হয়েছেন কিনা জিজ্ঞেস করতে পারেন।

আমি একটি আসন্ন নির্বাচনের জন্য কিভাবে নিবন্ধন করবো?

নির্বাচনের 14 দিন আগে পর্যন্ত (প্রাইমারি নির্বাচনের জন্য 20শে জুলাই এবং সাধারণ নির্বাচনের জন্য 19শে অক্টোবর), আপনার ভোট দেয়ার জন্য নিবন্ধন করার অনেকগুলো উপায় রয়েছে:

- অনলাইনে michigan.gov/VoterRegistration ওয়েবসাইটে (যদি আপনার মিশিগানের ড্রাইভিং লাইসেন্স অথবা স্টেট আইডি কার্ড থাকে);
- স্টেট সচিবের শাখা অফিসে;
- আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে অথবা আপনার কাউন্টির ক্লার্কের অফিসে;
- অক্ষমতা রয়েছে এমন ব্যক্তিদের সরকারি সহায়তা অথবা পরিষেবা প্রদান করে থাকে এমন যেকোন স্টেট এজেন্সিতে;
- নির্বাচনের পনের দিন আগে পর্যন্ত (প্রাইমারি নির্বাচনের জন্য 19শে জুলাই এবং সাধারণ নির্বাচনের জন্য 18ই অক্টোবর) ডাকমোহরযুক্ত পূরণকৃত ভোটার নিবন্ধন আবেদনপত্র ডাকযোগে পাঠানোর মাধ্যমে; অথবা,
- ভোটার নিবন্ধন কর্মসূচির মাধ্যমে।

নির্বাচনের 14তম দিন থেকে শুরু করে (প্রাইমারি নির্বাচনের জন্য 20শে জুলাই এবং সাধারণ নির্বাচনের জন্য 19শে অক্টোবর) নির্বাচনের দিন রাত ৪টা পর্যন্ত, আপনার ভোট দেয়ার জন্য নিবন্ধন করার একটি উপায় আছে:

- আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে যান এবং “বাসস্থানের প্রমাণ” দিন।

“বাসস্থানের প্রমাণ” বলতে কী বোঝায়?

“বাসস্থানের প্রমাণ” হলো আপনার নাম এবং আপনি যেখানে বাস করছেন সেই সিটি বা টাউনশিপে বর্তমান ঠিকানা রয়েছে এমন একটি ডকুমেন্ট।

নিচের ডকুমেন্টগুলোর যেকোনোটির কাগজে মুদ্রিত বা ইলেক্ট্রনিক কপি হলেই হবে:

- মিশিগানের একটি ড্রাইভিং লাইসেন্স অথবা স্টেট আইডি কার্ড;
- ইউটিলিটি বিল;
- ব্যাংক স্টেটমেন্ট;
- বেতনের চেক;
- সরকারি চেক; অথবা,
- অন্য যেকোনো সরকারি ডকুমেন্ট।

আমার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিস কোথায়, এবং এটি কখন খোলা থাকে?

মিশিগান ভোটার তথ্য কেন্দ্রের michigan.gov/vote ওয়েবসাইটে যান এবং আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ক সম্পর্কে তথ্য পেতে আপনার ঠিকানা লিখুন। যদি আপনার সিটি বা টাউনশিপ ক্লার্ক একটি স্যাটেলাইট অফিস বা কয়েকটি অফিস পরিচালনা করেন, তাহলে সেসব অফিসের খোলা থাকার সময় ও অবস্থান পোস্ট করা হবে। অথবা আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে ফোন করুন।

সিটি ও টাউনশিপের ক্লার্কের অফিসসমূহ তাদের সাধারণ অফিস চলাকালীন সময়ে, প্রত্যেক নির্বাচনের আগের উইকএন্ডে (প্রাইমারি নির্বাচনের জন্য 31শে জুলাই থেকে 1লা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 30 থেকে 31শে অক্টোবর পর্যন্ত) কমপক্ষে 8 ঘন্টা, এবং নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) সকাল 7টা থেকে রাত 8টা পর্যন্ত অবশ্যই খোলা থাকতে হবে।

ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে আমার কি ছবিযুক্ত আইডি অথবা নাগরিকত্বের প্রমাণ প্রয়োজন হবে?

না। যদি আপনি সশরীরে উপস্থিত হয়ে ভোটের জন্য নিবন্ধন করেন তাহলে আপনার কাছে ছবিযুক্ত আইডি চাওয়া হবে। আপনার যদি তা না থাকে অথবা আপনার সাথে না থাকে, তাহলে আপনি একটি সাধারণ ফরমে স্বাক্ষর করে তারপর ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে পারবেন। যদি আপনি ডাকযোগে ভোট দেয়ার জন্য নিবন্ধন করেন এবং আপনার মিশিগানের ড্রাইভিং লাইসেন্স অথবা স্টেট আইডি কার্ড, অথবা সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকে, তাহলে আপনার ভোটার নিবন্ধনের আবেদনপত্রের নির্ধারিত স্থানে সেই নম্বরগুলো লিখুন।

নির্বাচন দিবসের আগে ভোট দেয়া

আপনি নির্বাচন দিবসের আগেই ভোট দিতে পারেন!

মিশিগানের সব নিবন্ধিত ভোটার এখন একটি “অ্যাবসেন্টি ব্যালটের” মাধ্যমে নির্বাচন দিবসের আগেই ভোট দিতে পারবেন। আপনার কোনো অজুহাত বা কারণ দেখানোর প্রয়োজন হবে না। আপনি নির্বাচন দিবসের আগেই বাড়িতে বসে অথবা আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে গিয়ে ভোট দিতে পারবেন।

আমি কিভাবে নির্বাচন দিবসের আগে বাড়ি থেকে ভোট দিবো?

ধাপ 1: আপনার ব্যালটের জন্য অনুরোধ জানান

অ্যাবসেন্টি ব্যালটের জন্য একটি আবেদনপত্র পূরণ করুন, এটিতে আপনার অফিসিয়াল স্বাক্ষর দিন এবং আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের কাছে জমা দিন। আপনার পূরণকৃত আবেদনপত্রটি ইমেইলে, ডাকযোগে, ফ্যাক্সে অথবা সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে পারেন। আপনার ক্লার্ক আপনার আবেদনপত্র কখন পেয়েছেন এবং আপনার ব্যালট আপনাকে ডাকযোগে কখন পাঠানো হয়েছে তা আপনি মিশিগান ভোটার তথ্য কেন্দ্রের michigan.gov/vote ওয়েবসাইটে গিয়ে এবং প্রয়োজনীয় তথ্য দিয়ে ট্র্যাক করতে পারবেন।

ধাপ 2: আপনার ব্যালট পূরণ করুন

আপনার অ্যাবসেন্টি ব্যালট ডাকযোগে পৌঁছানোর জন্য অপেক্ষা করুন। পৌঁছার পর সেটি পূরণ করুন, সেটিকে প্রদত্ত খামে ভরে খামের বাইরে আপনার অফিসিয়াল স্বাক্ষর দিন।

ধাপ 3: আপনার ব্যালট জমা দিন

আপনার পূরণকৃত ব্যালট আপনার যত তাড়াতাড়ি সম্ভব জমা দেয়া উচিত। আপনার পূরণকৃত ব্যালট গণনার জন্য অবশ্যই নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) রাত 8টার মধ্যে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের কাছে পৌঁছাতে হবে।

আপনার পূরণকৃত ব্যালট জমা দেয়ার অনেকগুলো উপায় আছে:

- এটি ডাকযোগে জমা দিন। আমাদের পরামর্শ হলো আপনার ব্যালট নির্বাচনের দিনের দুই সপ্তাহ আগেই (প্রাইমারি নির্বাচনের জন্য 20শে জুলাইয়ের মধ্যে এবং সাধারণ নির্বাচনের জন্য 19শে অক্টোবরের মধ্যে) ডাকযোগে পাঠিয়ে দিন।
- এটি আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে বা আপনার ক্লার্কের দেয়া একটি নিরাপদ ড্রপ বক্সে জমা দিন।
- পরিবারের একজন নিকটাত্মীয় (দাদা/দাদী বা নানা-নানী, নাতি/নাতনি বা শ্বশুর/শাশুড়ি সহ) বা আপনার বাড়িতে বসবাস করেন এমন একজন ব্যক্তির মাধ্যমে আপনার ব্যালট জমা দিন।
- উপরে উল্লিখিত কোনো উপায়ে সম্ভব না হলে, শেষ উপায় হিসেবে, আপনি আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ককে আপনার পূরণকৃত ব্যালট নিয়ে যেতে বলতে পারেন। এই অপশন ব্যবহারের জন্য, আপনার পূরণকৃত ব্যালট অবশ্যই একই সিটি বা টাউনশিপের মধ্যে থাকতে হবে যেখানে আপনি ভোট দিচ্ছেন, এবং আপনাকে অবশ্যই আপনার ব্যালট নিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানাতে নির্বাচনের আগের শুক্রবার বিকাল 5টার মধ্যে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ককে ফোন করতে হবে (প্রাইমারি নির্বাচনের জন্য 30শে জুলাই এবং সাধারণ নির্বাচনের জন্য 29শে অক্টোবর)।

আমি অ্যাবসেন্টি ব্যালটের আবেদনপত্র কোথায় পাবো?

প্রত্যেক নির্বাচনের কমপক্ষে 75 দিন আগে, আপনি মিশিগান ভোটার তথ্য কেন্দ্রের michigan.gov/vote ওয়েবসাইট থেকে একটি অ্যাবসেন্টি ব্যালটের জন্য আবেদনপত্র প্রিন্ট করে জমা দিতে পারবেন। বিকল্প হিসেবে, আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের কাছে ফোন করে আপনার ঠিকানায় একটি আবেদনপত্র ডাকযোগে পাঠানোর জন্য অনুরোধ জানাতে পারেন। এছাড়াও আপনাকে স্টেট সেক্রেটারি, আপনার ক্লার্ক, একটি রাজনৈতিক দল বা অন্যান্য সংস্থার দেয়া অ্যাবসেন্টি ব্যালটের যেকোনো আবেদনপত্র ব্যবহার করতে পারবেন।

যদি আপনার মিশিগানের সাম্প্রতিক ড্রাইভিং লাইসেন্স অথবা স্টেট আইডি কার্ড থাকে, তাহলে আপনি অনলাইনে michigan.gov/vote ওয়েবসাইটে আপনার আবেদন পূরণ করতে পারবেন।

নির্বাচন দিবসের আগে বাড়ি থেকে ভোট দেয়ার শেষ সময় কখন?

যত তাড়াতাড়ি সম্ভব আপনার আবেদন জমা দিন। নির্বাচনের এক মাস আগে আপনার আবেদনপত্র জমা দেয়ার জন্য আমরা জোরালোভাবে পরামর্শ দিয়ে থাকি যাতে আপনার ব্যালট পাওয়ার, এটি পূরণ করার এবং এটি আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের কাছে জমা দেয়ার জন্য পর্যাপ্ত সময় থাকে। আপনার পূরণকৃত অ্যাবসেন্টি ব্যালট গণনার জন্য অবশ্যই নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য ওরা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) রাত ৪টার মধ্যে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের কাছে পৌঁছাতে হবে

আমি কিভাবে নির্বাচন দিবসের আগে সশরীরে উপস্থিত হয়ে ভোট দিবো?

ধাপ 1: আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে যান।

ধাপ 2: অ্যাবসেন্টি ব্যালটের জন্য একটি আবেদনপত্র পূরণ করুন এবং সেখানকার কর্মীর কাছে সেটি জমা দিন।

ধাপ 3: আপনার ব্যালট পূরণ করুন, সেটি প্রদত্ত খামে ভরে খামের বাইরে আপনার অফিসিয়াল স্বাক্ষর দিন, এবং কর্মীর কাছে জমা দিন।

নির্বাচন দিবসের আগে কখন আমি সশরীরে উপস্থিত হয়ে ভোট দিতে পারবো?

নির্বাচন দিবসের আগের 40তম দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 24শে জুন এবং সাধারণ নির্বাচনের জন্য 23শে সেপ্টেম্বর) থেকে শুরু করে আপনি আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে যেতে পারেন। আপনি যেখানে বসবাস করেন সেখানে ভোট দেয়ার জন্য ইতোমধ্যে নিবন্ধন করে থাকলে, নির্বাচন দিবসের আগে সশরীরে ভোট দেয়ার শেষ সময় হলো নির্বাচন দিবসের আগের সোমবার (প্রাইমারি নির্বাচনের জন্য 2রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 1লা নভেম্বর) বিকাল 4টা পর্যন্ত। যদি আপনাকে ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে হয়, তাহলে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে নিবন্ধন করা ও ভোট দেয়ার শেষ সময় হলো নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) রাত 8টা পর্যন্ত।

আমার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিস কোথায় এবং এটি কখন খোলা থাকে?

মিশিগান ভোটার তথ্য কেন্দ্রের michigan.gov/vote ওয়েবসাইটে যান এবং আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ক সম্পর্কে তথ্য পেতে আপনার ঠিকানা লিখুন।

যদি আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ক একটি স্যাটেলাইট অফিস বা কয়েকটি অফিস পরিচালনা করেন, তাহলে সেসব অফিসের খোলা থাকার সময় ও অবস্থান পোস্ট করা হবে।

বিকল্প হিসেবে, আপনি আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে ফোন করতে পারেন এবং তাদের খোলা থাকার সময় ও অবস্থান সম্পর্কে জিজ্ঞেস করতে পারেন। সিটি ও টাউনশিপের ক্লার্কের অফিসসমূহ তাদের সাধারণ অফিস চলাকালীন সময়ে, প্রত্যেক নির্বাচনের আগের উইকএন্ডে (প্রাইমারি নির্বাচনের জন্য 31শে জুলাই থেকে 1লা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 30 থেকে 31শে অক্টোবর পর্যন্ত) কমপক্ষে 8 ঘন্টা, এবং নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) সকাল 7টা থেকে রাত 8টা পর্যন্ত অবশ্যই খোলা থাকতে হবে।

আমার ক্লার্কের অফিস কি হইলচেয়ার প্রবেশযোগ্য?

আপনার একটি হুইলচেয়ার প্রবেশযোগ্য ভোটকেন্দ্র এবং হুইলচেয়ারে বসে ব্যবহারযোগ্য ভোটিং মেশিন ব্যবহারের অধিকার রয়েছে। যদি আপনার ক্লার্কের অফিস হুইলচেয়ার প্রবেশযোগ্য না হয় অথবা সেখানে হুইলচেয়ারে বসে ব্যবহারযোগ্য কোনো ভোটিং মেশিন না থাকে, তাহলে অবিলম্বে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ককে ফোন করুন, এ বিষয়ে রিপোর্ট করুন, এবং একটি বিকল্প সাইটের জন্য অনুরোধ জানান। এছাড়াও এই বিষয়ে রিপোর্ট করতে আপনি এই পেইজের শীর্ষে থাকা নির্দলীয় নির্বাচন সুরক্ষা হটলাইনে ফোন করতে পারেন।

নির্বাচনের দিন ভোট দেয়া

নির্বাচনের দিন কবে?

কিছু কমিউনিটিতে প্রাইমারি নির্বাচন হবে 3 আগস্ট 2021, এবং কিছু কমিউনিটিতে সাধারণ নির্বাচন হবে 2 নভেম্বর 2021।

মিশিগান ভোটার তথ্য কেন্দ্রের michigan.gov/vote ওয়েবসাইটে গিয়ে এবং প্রয়োজনীয় তথ্য দিয়ে আপনার কমিউনিটির আসন্ন নির্বাচনগুলো সম্পর্কে আরো জানুন। বিকল্প হিসেবে, আপনি আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে ফোন করতে পারেন এবং এই তথ্য সম্পর্কে জিজ্ঞাস করতে পারেন।

ভোটকেন্দ্রগুলো কখন খোলা থাকে?

ভোটকেন্দ্রগুলো নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) স্থানীয় সময় সকাল 7টা থেকে রাত 8টা পর্যন্ত খোলা থাকবে। যদি আপনি রাত 8টার মধ্যে লাইনে দাঁড়ান তাহলে আপনার ভোট দেয়ার অধিকার রয়েছে।

ব্যালটে কী থাকবে?

যদি আপনি ভোট দেয়ার জন্য নিবন্ধিত হয়ে থাকেন, তাহলে মিশিগান ভোটার তথ্য কেন্দ্রের michigan.gov/vote ওয়েবসাইটে প্রয়োজনীয় তথ্য দিয়ে আপনার নমুনা ব্যালট দেখতে পারেন।

নির্বাচনের দিন আমি কোথায় ভোট দিবো?

যদি আপনি যেখানে বাস করছেন সেখানে ভোট দেয়ার জন্য নিবন্ধিত হয়ে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই আপনার জন্য নির্ধারিত ভোটকেন্দ্রে গিয়ে ভোট দিতে হবে। আপনি আপনার ভোটকেন্দ্র এভাবে খুঁজে বের করতে পারেন:

- অনলাইনে মিশিগান ভোটার তথ্য কেন্দ্রের michigan.gov/vote ওয়েবসাইটে প্রয়োজনীয় তথ্য দিয়ে;
- আপনার ভোটার আইডি কার্ডে;
- আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ককে ফোন করে; অথবা,
- এই পেইজের শীর্ষে থাকা নির্দলীয় নির্বাচন সুরক্ষা হটলাইনে ফোন করার মাধ্যমে।

যদি আপনি যেখানে বাস করছেন সেখানে ভোট দেয়ার জন্য নিবন্ধিত না হন, তাহলে ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে আপনাকে অবশ্যই নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য ৩রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য ২রা নভেম্বর) রাত ৪টার মধ্যে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে বাসস্থানের প্রমাণ নিয়ে উপস্থিত হতে হবে। নিবন্ধন করে ফেলার পর, আপনি ক্লার্কের অফিসে অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে অথবা সময় থাকলে আপনার ভোটকেন্দ্রে গিয়ে ভোট দিতে পারবেন।

যদি আমার ঠিকানা পরিবর্তিত হয়?

যখনই আপনি ঠিকানা পরিবর্তন করবেন আপনার ভোটার নিবন্ধন আপডেট করে নিবেন। যদি আপনি আপনার নিবন্ধন আপডেট করে না থাকেন, তাহলে নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য ৩রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য ২রা নভেম্বর) রাত ৪টার মধ্যে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে বাসস্থানের প্রমাণ সহ উপস্থিত হওয়ার মাধ্যমে আপনি ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে পারেন।

আপনি শেষবারের মত আপনার পুরাতন ভোটকেন্দ্রেও ভোট দিতে পারবেন যদি:

- আপনি একই সিটি বা টাউনশিপের মধ্যে বাড়ি পরিবর্তন করে থাকেন; অথবা,
- আপনি নির্বাচনের আগের ৬০তম দিনের পরে ভিন্ন কোনো সিটি বা টাউনশিপে বাড়ি পরিবর্তন করে থাকেন।

আমি কি ভোট দেয়ার জন্য কর্মস্থল থেকে ছুটি পাবো?

আপনার নিয়োগকর্তা আপনাকে ভোট দেয়ার জন্য বেতনসহ বা বেতন ছাড়া ছুটি দিতে বাধ্য নন। আপনি ছুটি নিতে পারবেন এমন কোনো নীতি তাদের আছে কিনা তা জেনে নিন। যদি না হয়, নির্বাচন দিবসের আগে ভোট দিন (প্রাইমারি নির্বাচনের জন্য ৩রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য ২রা নভেম্বর)।

ভোটকেন্দ্রে হইলচেয়ারের প্রবেশযোগ্যতা

যদি আমার ভোটকেন্দ্র হইলচেয়ার প্রবেশযোগ্য না হয়?

আপনার একটি হইলচেয়ার প্রবেশযোগ্য ভোটকেন্দ্র এবং হইলচেয়ারে বসে ব্যবহারযোগ্য ভোটিং মেশিন ব্যবহারের অধিকার রয়েছে। যদি এটি নির্বাচনের দিনের (প্রাইমারি নির্বাচনের জন্য ৩রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য ২রা নভেম্বর) আগে হয়, তাহলে অবিলম্বে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ককে ফোন করুন এবং হইলচেয়ার প্রবেশযোগ্য বিকল্প কোনো সাইট নির্ধারণ করে দিতে বলুন। এছাড়াও এই বিষয়ে রিপোর্ট করতে আপনি এই পেইজের শীর্ষে থাকা নির্দলীয় নির্বাচন সুরক্ষা হটলাইনে ফোন করতে পারেন।

যদি এটি নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য ৩রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য ২রা নভেম্বর) হয়, তাহলে আপনার পক্ষে কার্বসাইড ভোটিং এর জন্য অনুরোধ জানাতে কাউকে ভোটকেন্দ্রে পাঠান। আপনার ভোটকেন্দ্রের নির্বাচন কর্মীরা একটি ব্যালট বাইরে নিয়ে আসবেন যাতে আপনি ভোট দিতে পারেন।

আমি কি আমার ভাষায় একটি ব্যালট পেতে পারি?

যদি আপনি কলফোর্স টাউনশিপ অথবা ফেনভিল সিটিতে ভোট দেন, তাহলে আপনার স্প্যানিশ ভাষায় ব্যালট এবং নির্বাচন সংক্রান্ত উপকরণ পাওয়ার অধিকার রয়েছে।

যদি আপনি হ্যামট্রামক সিটিতে ভোট দেন, তাহলে আপনার বাংলা ভাষায় ব্যালট এবং নির্বাচন সংক্রান্ত উপকরণ পাওয়ার অধিকার রয়েছে।

যদি আপনি ইংরেজি পড়তে বা লিখতে না পারেন, এবং আপনার ভাষায় কোনো ব্যালট পাওয়া না যায়, তাহলে আপনার পছন্দের যেকোনো ব্যক্তির সহায়তা নেয়ার অধিকার আপনার রয়েছে। তবে, সেই ব্যক্তি আপনার নিয়োগকর্তা, আপনার নিয়োগকর্তার

কোনো এজেন্ট অথবা আপনার শ্রমিক ইউনিয়নের কোনো কর্মকর্তা বা এজেন্ট হতে পারবেন না।

যদি আমার ভোট দেয়ার ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হয়?

আপনার একটি অ্যাক্সেসযোগ্য ভোটিং মেশিন ব্যবহার করে স্বাধীনভাবে ভোট দেয়ার অধিকার রয়েছে। যদি আপনি একটি অ্যাক্সেসযোগ্য ভোটিং মেশিন ব্যবহার করতে চান, তাহলে ভোটকেন্দ্রে উপস্থিত হওয়ার পর একজন নির্বাচন কর্মকর্তাকে বলুন।

নির্বাচন কর্মকর্তাদের কাছ থেকে সাহায্য পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি যেকোনো সময়, এমনকি ভোটিং বুথে প্রবেশ করার পরেও, নির্বাচন কর্মকর্তাদেরকে ভোট দেয়ার সরঞ্জাম কিভাবে ব্যবহার করতে হয় তা জিজ্ঞেস করতে পারবেন অথবা তাদের কাছ থেকে অন্য কোনো সহায়তা চাইতে পারবেন।

যদি আপনি অন্ধ, প্রতিবন্ধী, অথবা পড়তে বা লিখতে অক্ষম হন, তাহলে আপনার পছন্দের যেকোনো ব্যক্তির কাছ থেকে সহায়তা নেয়ার অধিকার আপনার রয়েছে। তবে, সেই ব্যক্তি আপনার নিয়োগকর্তা, আপনার নিয়োগকর্তার কোনো এজেন্ট অথবা আপনার শ্রমিক ইউনিয়নের কোনো কর্মকর্তা বা এজেন্ট হতে পারবেন না।

ভোট দেয়ার জন্য পরিচয়পত্র

ভোট দেয়ার জন্য আমার কি ছবিযুক্ত আইডি প্রয়োজন হবে?

না। কিন্তু যদি আপনার তা থাকে, তাহলে ভোটদান প্রক্রিয়া দ্রুততর করার জন্য সেটি সাথে আনুন এবং নির্বাচন কর্মীকে দিন।

আপনি ভোট দিতে যাওয়ার পর আপনার কাছ থেকে ছবিযুক্ত আইডি চাওয়া হবে। যদি আপনার ছবিযুক্ত আইডি না থাকে অথবা আপনার সাথে না থাকে, তাহলে আপনি একটি সাধারণ ফরমে স্বাক্ষর করে ভোট দিতে পারবেন।

মিশিগানে আমার প্রথমবারের মত ভোট দেয়ার জন্য কি ছবিযুক্ত আইডির প্রয়োজন হবে?

না। তবে, স্বল্প সংখ্যক প্রথমবারের ভোটার যারা ডাকযোগে অথবা ভোটার নিবন্ধন কর্মসূচির মাধ্যমে নিবন্ধন করেছেন তাদের ভোট দেয়ার সময় কিছু ডকুমেন্ট দেখাতে হতে পারে। নিম্নলিখিতগুলোর যেকোনোটির ইলেক্ট্রনিক বা কাগজের কপি হলেই হবে:

আপনার নাম ও ছবিযুক্ত একটি আইডি (ঠিকানা থাকুক বা না থাকুক অথবা ঠিকানা যাই হোক না কেন):

- ড্রাইভিং লাইসেন্স অথবা যেকোনো স্টেটের ব্যক্তিগত আইডি কার্ড
- হাই স্কুল বা কলেজের আইডি
- পাসপোর্ট
- সামরিক বাহিনী বা সরকার কর্তৃক ইস্যুকৃত আইডি; অথবা
- উপজাতীয় আইডি কার্ড

আপনার নাম ও ঠিকানাসহ ছবি-বিহীন একটি আইডি:

- বর্তমান ইউটিলিটি বিল
- ব্যাংক স্টেটমেন্ট
- বেতনের চেকের মুড়ি
- সরকারি চেক
- অন্য যেকোনো সরকারি ডকুমেন্ট

ভোট দেয়ার জন্য নিবন্ধন করার সময় আমি যে রশিদ পেয়েছিলাম সেটি কি আমার প্রয়োজন হবে?

হয়তো। আপনার কাছে থাকলে, সেটি সাথে করে নিয়ে আসুন। যদি আপনি নির্বাচনের দিনের কাছাকাছি সময়ে ভোট দেয়ার জন্য নিবন্ধন করে থাকেন, তাহলে আপনার এটি প্রয়োজন হতে পারে।

ভোট দেয়ার জন্য কি আমার ভোটার পরিচিতির কার্ড প্রয়োজন হবে?

না। কিন্তু আপনার কাছে থাকলে, সেটি সাথে করে নিয়ে আসুন।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

আমার অ্যাবসেন্টি ব্যালট কোথায়?

আপনি প্রয়োজনীয় তথ্য প্রবেশ করানোর মাধ্যমে আপনার অ্যাবসেন্টি ব্যালট এবং আবেদনপত্রটি মিশিগানের ভোটার তথ্য কেন্দ্রের michigan.gov/vote ওয়েবসাইটে ট্র্যাক করতে পারবেন। সাইটটি ভিজিট করে দেখুন যে কোন তারিখে:

- আপনার আবেদন আপনার ক্লার্ক পেয়েছেন ও প্রক্রিয়া করেছেন;
- আপনার অ্যাবসেন্টি ব্যালট আপনার কাছে ডাকযোগে পাঠানো হয়েছে; এবং,
- আপনার ক্লার্ক আপনার অ্যাবসেন্টি ব্যালট পেয়েছেন।

যদি কোনো নির্দিষ্ট ঘরের নিচে কোনো তারিখ দেয়া না থাকে, তাহলে এর অর্থ হলো সেই ধাপটি এখনো সম্পন্ন হয়নি।

যদি আমি আমার অ্যাবসেন্টি ব্যালট পেয়ে থাকি কিন্তু এরপর সেখানে কোনো ভুল করে ফেলি অথবা হারিয়ে ফেলি বা নষ্ট করে ফেলি?

যদি এটি নির্বাচনের দিনের (প্রাইমারি নির্বাচনের জন্য ৩রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য ২রা নভেম্বর) আগে হয়, তাহলে আপনার প্রথম অ্যাবসেন্টি ব্যালটটি বাতিল করে নতুন একটির জন্য আবেদন করতে যত তাড়াতাড়ি সম্ভব আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে ফোন করুন অথবা সরাসরি উপস্থিত হোন। যদি সেটি নির্বাচনের দিন হয়, আপনার ভোটকেন্দ্রে যান, এবং একটি ফরম পূরণ করে ভোট দিন। যদি আপনার কাছে তখনো প্রথম অ্যাবসেন্টি ব্যালট থাকে, যেহেতু আপনি ভুল করে ফেলেছেন অথবা সেটি আংশিক নষ্ট হয়ে গেছে, সেটি আপনার সাথে করে নিয়ে যান।

যদি আমি ভোট দেয়ার জন্য নিবন্ধন করার পরেও আমার ভোটকেন্দ্রের ভোটার তালিকায় আমার নাম না থাকে?

আপনি যখন ভোট দেয়ার জন্য নিবন্ধন করেছেন তখন যে রশিদটি পেয়েছেন সেটি যদি আপনার কাছে থাকে, ভোট দেয়ার জন্য সেই রশিদটি নির্বাচন কর্মীকে দেখান। যদি আপনার কাছে রশিদটি না থাকে, তাহলে নির্বাচন কর্মীকে আপনার ঠিকানা দিন এবং আপনি সঠিক ভোটকেন্দ্রে এসেছেন কিনা জিজ্ঞেস করুন। যদি আপনি ভোটদানের জন্য নিবন্ধন করে থাকেন কিন্তু আপনার ঠিকানা অনুযায়ী আপনি সঠিক ভোটকেন্দ্রে না এসে থাকেন, তাহলে সঠিক ভোটকেন্দ্রে যান।

আপনি নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য ৩রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য ২রা নভেম্বর) রাত ৪টার আগে আপনার বাসস্থানের প্রমাণ সহ আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে উপস্থিত হয়ে ভোটদানের জন্য নিবন্ধন করতে পারেন। আপনি সেখানে থাকার সময়, অ্যাবসেন্টি ব্যালট ব্যবহার করে ভোট দিতে পারবেন।

যদি আপনি ক্লার্কের অফিসে বাসস্থানের প্রমাণসহ উপস্থিত হতে না পারেন, তাহলে আপনি “প্রভিশনাল ব্যালটের” মাধ্যমে ভোট দিতে পারবেন। এটি করার জন্য, আপনাকে শপথ করে বলতে হবে যে আপনি ইতোপূর্বে ভোট দেয়ার জন্য নিবন্ধন করেছেন বলে আপনি বিশ্বাস করেন।

যদি আপনি একটি ছবিযুক্ত আইডি দেখাতে পারেন যেটিতে আপনার বর্তমান ঠিকানা দেখানো হয়েছে, এবং যদি আপনি সঠিক ভোট কেন্দ্রে গিয়ে থাকেন, তাহলে আপনার প্রভিশনাল ব্যালট নির্বাচনের দিন মেশিনে যাবে এবং আপনার ভোট গণনা করা হবে। অন্যথায়, এটি একটি খামের ভিতরে রেখে দেয়া হবে, এবং ক্লার্ক নির্বাচনের দিনের পর সেটি পর্যালোচনা করবেন। নির্বাচনের দিনের পর থেকে আপনার কাছে ছয় দিন সময় আছে ক্লার্কের অফিসে যেকোনো ডকুমেন্ট দেখিয়ে প্রমাণ করার জন্য যে আপনি ভোট দেয়ার জন্য নিবন্ধন করেছিলেন।

যদি আমি ভুল ভোটকেন্দ্রে চলে যাই?

অনলাইন খুঁজে বের করে সঠিক ভোটকেন্দ্রে যান: মিশিগান ভোটার তথ্য কেন্দ্রের www.michigan.gov/vote ওয়েবসাইটে যান এবং প্রয়োজনীয় তথ্য দিন। বিকল্প হিসেবে, আপনি ভোট দিতে যাওয়ার আগে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের কাছে ফোন করে আপনার সঠিক ভোটকেন্দ্র কোনটি সে সম্পর্কে জিজ্ঞেস করতে পারেন।

যদি আপনি ভুল ভোটকেন্দ্রে চলে যান, তাহলে সঠিক ভোটকেন্দ্র খুঁজে পেতে একজন নির্বাচন কর্মীর কাছে সাহায্য চান। যদি আপনি যেখানে বর্তমানে বাস করছেন সেখানে ভোট দেয়ার জন্য নিবন্ধিত না হন, তাহলে ভোট দেয়ার জন্য নিবন্ধন করতে নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য ৩রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য ২রা নভেম্বর) রাত ৪টার আগে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে আপনার বাসস্থানের প্রমাণ সহ উপস্থিত হোন।

যদি আমার ভোট দিতে সমস্যা হয়, অথবা কেউ আমাকে ভয় দেখানোর বা হয়রানি করার চেষ্টা করে?

অবিলম্বে একজন নির্বাচন কর্মীকে বলুন। যদি নির্বাচন কর্মীই সমস্যার কারণ হয়, অথবা তারা সমস্যার সমাধান না করেন, তাহলে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ককে ফোন করুন। যদি সিটি বা টাউনশিপের ক্লার্ক সমস্যার সমাধান না করেন, তাহলে এই পেইজের শীর্ষে থাকা নির্দলীয় নির্বাচন সুরক্ষা হটলাইনে ফোন করুন।

কেউ যদি আমার ভোটাধিকারকে চ্যালেঞ্জ করে?

ধাপ 1: নির্বাচন কর্মী কর্তৃক আপনাকে শপথ নিয়ে প্রবেশ করতে দিতে বলুন;

ধাপ 2: আপনার ভোট দেয়ার যোগ্যতা প্রতিষ্ঠা করার জন্য প্রয়োজনীয় যেকোনো প্রশ্নের উত্তর দিন, এবং

ধাপ 3: ভোট দিন।

যদি আমি অ্যাবসেন্টি ব্যালটের জন্য অনুরোধ করার পর সেটি না পাই তাহলে আমার কী করা উচিত?

আপনার প্রথম অ্যাবসেন্টি ব্যালটটি বাতিল করে নতুন একটির জন্য আবেদন করতে যত তাড়াতাড়ি সম্ভব আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে ফোন করুন অথবা সরাসরি উপস্থিত হোন। এটি করার শেষ সময় হলো নির্বাচন দিবসের আগের সোমবার (প্রাইমারি নির্বাচনের জন্য 2রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 1লা নভেম্বর) বিকাল 4টা পর্যন্ত। অথবা আপনি নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) আপনার ভোটকেন্দ্রে গিয়ে একটি সহজ ফরম পূরণ করে ভোট দিতে পারবেন।

যদি আমি আমার অ্যাবসেন্টি ব্যালট পেয়ে থাকি, কিন্তু সেটি আমার ক্লার্কের কাছে ডাকযোগে পাঠানোর জন্য পর্যাপ্ত সময় না থাকে?

আপনার অ্যাবসেন্টি ব্যালট গণনার জন্য অবশ্যই নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) রাত 8টার মধ্যে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের কাছে পৌঁছাতে হবে। নির্বাচনের দুই সপ্তাহ আগে থেকে শুরু করে, আপনার পূরণকৃত অ্যাবসেন্টি ব্যালট ডাকযোগে পাঠানোর পরিবর্তে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে বা ক্লার্কের দেয়া একটি ড্রপ বক্সে জমা

দিতে হবে। যদি আপনি এটি জমা দিতে না পারেন, তাহলে আপনি পরিবারের একজন নিকটাত্মীয় বা আপনার বাড়িতে বসবাস করেন এমন কাউকে আপনার পক্ষে জমা দেয়ার জন্য বলতে পারেন।

যদি এসব অপশনগুলো আপনার দ্বারা সম্ভব না হয়, তাহলে আপনি আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ককে আপনার পূরণকৃত ব্যালট নিয়ে যেতে বলতে পারেন। এই অপশন ব্যবহারের জন্য, আপনার পূরণকৃত ব্যালট অবশ্যই একই সিটি বা টাউনশিপের মধ্যে থাকতে হবে যেখানে আপনি ভোট দিচ্ছেন, এবং আপনাকে অবশ্যই আপনার ব্যালট নিয়ে যাওয়ার জন্য অনুরোধ জানাতে নির্বাচনের আগের শুক্রবার বিকাল 5টার মধ্যে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ককে ফোন করতে হবে (প্রাইমারি নির্বাচনের জন্য 30শে জুলাই এবং সাধারণ নির্বাচনের জন্য 29শে অক্টোবর)।

যদি আমার অ্যাবসেন্টি ব্যালট থাকে কিন্তু আমি নির্বাচনের দিন সশরীরে ভোট দেয়ার সিদ্ধান্ত নিই?

যদি আপনি অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট না দেয়ার সিদ্ধান্ত নেন, তাহলে নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) আপনার অ্যাবসেন্টি ব্যালট আপনার ভোটকেন্দ্রে নিয়ে যান এবং ফেরত দিন। তারপর আপনাকে একটি নতুন ব্যালট দেয়া হবে যাতে আপনি ভোটকেন্দ্রে ভোট দিতে পারেন।

যদি আমার অ্যাবসেন্টি ব্যালট আমার সিটি বা টাউনশিপের ক্লার্ককে ডাকযোগে পাঠিয়ে দিই, কিন্তু আমি চিন্তিত থাকি যে এটি হয়তো যথাসময়ে পৌঁছাবে না, তাহলে কী করবো?

মিচিগান ভোটার তথ্য কেন্দ্রের michigan.gov/vote ওয়েবসাইটে গিয়ে প্রয়োজনীয় তথ্য দিয়ে আপনার অ্যাবসেন্টি ব্যালট ট্র্যাক করুন।

যদি “received” ঘরের নিচে কোনো তারিখ দেয়া না থাকে, এবং এটি নির্বাচন দিবসের (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) আগে হয়, তাহলে আপনার সিটি বা টাউনশিপের ক্লার্কের অফিসে গিয়ে আপনার মূল অ্যাবসেন্টি ব্যালট বাতিল করতে বলুন এবং একটি নতুন ভোট দিন। আপনার ক্লার্কের অফিসে গিয়ে এটি করার শেষ সময় হলো নির্বাচন দিবসের আগের সোমবার (প্রাইমারি

নির্বাচনের জন্য 2রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 1লা নভেম্বর) বিকাল 4টা পর্যন্ত।

যদি “received” ঘরের নিচে কোনো তারিখ দেয়া না থাকে এবং এটি নির্বাচনের দিন (প্রাইমারি নির্বাচনের জন্য 3রা আগস্ট এবং সাধারণ নির্বাচনের জন্য 2রা নভেম্বর) হয়, তাহলে আপনার ভোটকেন্দ্রে যান এবং নির্বাচন কর্মীদেরকে জানান। যদি আপনার সিটি বা টাউনশিপের ক্লার্ক তখনো আপনার অ্যাবসেন্সি ব্যালট না পেয়ে থাকে, তাহলে আপনি একটি ফরম পূরণ করে একটি নতুন ব্যালটে ভোট দিতে পারবেন।

যদি আমি আমার ব্যালটে ভুল করে ফেলি অথবা ভোটিং মেশিনে ত্রুটি দেখা দেয়?

যদি আপনি ভুল করে ফেলেন, তাহলে অবিলম্বে একটি নতুন ব্যালট চেয়ে নিন। যদি আপনি ব্যালটটি ট্যাবুলেটের মেশিনে প্রবেশ করানোর আগে এবং গণনা হওয়ার আগে ভুল ধরতে পারেন, তাহলে আপনার একটি নতুন ব্যালট পাওয়ার অধিকার রয়েছে।

যদি স্ক্যানার আপনার ব্যালট প্রত্যাখান করে, তাহলে নতুন একটি ব্যালট চেয়ে নিন। আপনার পুনরায় শুরু করার অধিকার রয়েছে।

যদি ট্যাবুলেটের মেশিন কাজ না করে, তাহলে আপনি আপনার পূরণকৃত ব্যালট ট্যাবুলেটের মেশিনের একটি বিনে রাখতে পারবেন। মেশিনটি আবার কাজ করা শুরু করলে নির্বাচন কর্মীরা আপনার ব্যালটটি ট্যাবুলেটের মেশিনে প্রবেশ করাবেন।